

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়  
উপজেলা: বোয়ালমারী, জেলা: ফরিদপুর

ওয়ার্ড সভার কার্যবিবরণী

|            |   |   |
|------------|---|---|
| সভাপতি     | : | মোঃ সেলিম হোসেন   |
|            | : | সদস্য ৩নং ওয়ার্ড ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ।                          |
| উপদেষ্টা   | : | মোসাঃ সাবিনা বেগম   |
|            | : | সংরক্ষিত আসনের মহিলা সদস্য ১,২,৩নং ওয়ার্ড ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ। |
| সভার তারিখ | : | ০২/০৩/২০২৩ খ্রি.  |
| সময়       | : | ১০.০০ ঘটিকা   |


সভায় উপস্থিতির ছবি ও হাজিরাপরিশিষ্ট - 'ক' ও 'খ'

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জনাব মোহাম্মদ ইমরান হোসেন চেয়ারম্যান সাহেব প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ওয়ার্ড সভার লক্ষ্য, উদ্দেশ্য, প্রয়োজনীয়তা এবং ওয়ার্ড সভা আয়োজনে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বাধ্যবাধকতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব প্রশান্ত রানা ট্যাগ অফিসার (উপ সহকারী প্রকৌশলী ক্ষুদ্র সেচ বি এ ডিসি)। সভাপতি মোঃ সেলিম হোসেন সাহেব ইউনিয়ন পরিষদের বিগত বছরের গৃহিত কার্যক্রম সম্পর্কে উপস্থিত জনগণের মধ্যে বিস্তারিত তুলে ধরেন। বর্তমান পরিষদের কার্যকালের মেয়াদে যে সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে এবং বিগত পরিষদের যে কার্যক্রম চলমান রয়েছে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া তিনি পরিষদের ওয়ার্ড সভার মাধ্যমে প্রাপ্ত ক্ষীমসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করবেন বলে সকলকে আশ্বাস প্রদান করেন। ইউনিয়ন পরিষদ সচিব জনাব মোহাম্মাদ রিবুল হোসেন ওয়ার্ড সভা পরিচালনা করেন। এ ছাড়া সভায় উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে মোঃ আব্দুল গফফার মিয়া বক্তব্য রাখেন। সভায় উপস্থিত বিভিন্ন পেশাজীবী জনগণের মধ্য হতে এলাকার সমস্যা চিহ্নিত করে তা দূর করার জন্য বাস্তবায়নযোগ্য ক্ষীমের/প্রকল্পের তালিকা গ্রহণ করা হয়। প্রাপ্ত ক্ষীমসমূহ পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে কি না তা যাচাই করা হয়। বাদ পড়া ক্ষীমসমূহ উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে বই আকারে প্রকাশ করা হবে। সভায় চাহিদা মোতাবেক নিম্নলিখিত ক্ষীম/প্রকল্পের তালিকা পাওয়া যায়ঃ

| ক্রমিক<br>নং | ক্ষীমের নাম   | খাতের নাম<br>(যোগাযোগ, শিক্ষা,<br>স্বাস্থ্য, পানি<br>সরবরাহ, কৃষি,<br>ইত্যাদি) | ক্ষীম প্রস্তাবকারীর<br>নাম | গ্রামের নাম | ক্ষীম প্রস্তাবকারীর<br>মোবাইল নং |
|--------------|---|--|----------------------------|-------------|----------------------------------|
| ০১           | ৩নং ওয়ার্ডের ১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদের জন্য আইপিএস এবং ব্যাটারী ক্রয়                                    | যোগাযোগ  | আবু সাইদ মিয়া             | খামারপাড়া  | ০১৭১৮-৯৯০৪৬৭                     |
| ০২           | ঘোষণাপত্র ইউপি ৩নং ওয়ার্ডের গোবিন্দপুর আনোয়ারের বাড়ী হতে দেওগাছা জলালের বাড়ী অভিমুখে রাস্তা পুনঃ সংস্কার। | যোগাযোগ  | আব্দুল গফফার মিয়া         | খামারপাড়া  | ০১৯২৯-৪১৫১৪৯                     |
| ০৩           | ৩নং ওয়ার্ডের জিয়ার বাড়ীর নিকট রাস্তায় পাইপ কালভার্ট নির্মাণ।  | যোগাযোগ  | জুবাইর হোসেন               | খামারপাড়া  | ০১৯৫১-২৫৯০০৭                     |
| ০৪           | খামারপাড়া ব্রিজ হতে সমির খার বাড়ী অভিমুখে এইচবিবি রাস্তা নির্মাণ।   | যোগাযোগ  | সাদেক আলী                  | খামারপাড়া  | ০১৭৪৫-৫০৯৯৭৬                     |
| ০৫           | ৩নং ওয়ার্ডের বিভিন্ন বাড়ীতে নলকূপ স্থাপন।   | পানি সরবরাহ  | মোঃ হাবিব মিয়া            | খামারপাড়া  | ০১৯৪২-৭১৮৯২৫                     |
| ০৬           | ৩নং ওয়ার্ডের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও খেলার মাঠে ফুটবল সরবরাহ।  | শিক্ষা   | মোঃ রিফাত মিয়া            | খামারপাড়া  | ০১৩১০-৯২৭২৮৮                     |
| ০৭           | ৩নং ওয়ার্ডের বিভিন্ন বাড়ীতে ফলদ ও বৃক্ষ সরবরাহ।   | প্রাকৃতিক সম্পদ<br>উন্নয়ন   | মোঃ রনি                    | খামারপাড়া  | ০১৭০৩-৮৫৭৭০৩                     |
| ০৮           | ৩নং ওয়ার্ডের বিভিন্ন কৃষকের মধ্যে স্প্রে মেশিন সরবরাহ।   | কৃষি   | মোঃ নূর আলী                | গোবিন্দপুর  | ০১৭২৭-৯০০৫০২                     |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।

২। সিদ্ধান্তঃ প্রাপ্ত ক্ষীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।



(মোঃ সেলিম হোসেন)

সদস্য ১নং ওয়ার্ড

ও সভাপতি

ওয়ার্ড সভা

ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ, ফরিদপুর

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার বোয়ালমারী ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ বোয়ালমারী ফরিদপুর (ক্ষীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। জনাব.....।

পরিশিষ্ট - 'ক'

ওয়ার্ড সভার ছবি

(জিপিএস লোকেশনসহ ক্রীম প্রস্তুতকারীর ছবি- ৩টি, ব্যানারসহ উপস্থিত অতিথিদের ছবি-১টি) = মোট ৪টি ছবি



FJ9P+4H3, Bangladesh  
Dhaka Division  
Bangladesh 28°C  
82°F  
2023-03-02(Thu) 10:53(am)



FJ9P+4H3, Bangladesh  
Dhaka Division  
Bangladesh 28°C  
82°F  
2023-03-02(Thu) 10:58(am)



FJ9P+4H3, Bangladesh  
Dhaka Division  
Bangladesh 28°C  
82°F  
2023-03-02(Thu) 10:56(am)



FJ9P+4H3, Bangladesh  
Dhaka Division  
Bangladesh 28°C  
82°F  
2023-03-02(Thu) 11:01(am)